

**ইন্টার্ন ভর্তি বিজ্ঞপ্তি**

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টারের (বিএফসিসি) উৎপাদন শাখায় (কিচেন ও বেকারি ইউনিটে) সম্মানী প্রদানপূর্বক শুধুমাত্র ০৬ মাসের জন্য ইন্টার্ন ভর্তির লক্ষ্যে নিম্নে উল্লিখিত পদসমূহে এবং নিম্নবর্ণিত শর্ত পূরণকারী উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম	যোগ্যতা
১.	কিচেন হেলপার পদে ইন্টার্ন বয়স: সর্বোচ্চ-৩২ বৎসর	ক) কমপক্ষে এস.এস.সি পাশ। খ) City & Guilds, UK/NHTTI অথবা সরকার অনুমোদিত সংস্থা হতে ফুড অ্যান্ড বেভারেজ-এ কুकिং কোর্স সার্টিফিকেট থাকতে হবে (কমপক্ষে ০৬ মাস মেয়াদি)। গ) যে কোনো ফাইভ স্টার হোটেল, বিএফসিসি বা সমমানের ক্যাটারিং প্রতিষ্ঠানে ফুড অ্যান্ড বেভারেজ-এর উপর ন্যূনতম ০৬ (ছয়) সপ্তাহের ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট সম্পন্ন থাকতে হবে।
২.	বেকার হেলপার পদে ইন্টার্ন বয়স: সর্বোচ্চ-৩২ বৎসর	ক) কমপক্ষে এস.এস.সি পাশ। খ) City & Guilds, UK/NHTTI অথবা সরকার অনুমোদিত সংস্থা হতে বেকারি অ্যান্ড পেস্ট্রি-এ সার্টিফিকেট কোর্স থাকতে হবে (কমপক্ষে ০৬ মাস মেয়াদি)। গ) যে কোন ফাইভ স্টার হোটেল, বিএফসিসি বা সমমানের ক্যাটারিং প্রতিষ্ঠানে বেকারি অ্যান্ড পেস্ট্রি এর উপর ন্যূনতম ০৬ (ছয়) সপ্তাহের ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট সম্পন্ন থাকতে হবে।

**শর্তাবলি ও আবেদনপত্র করার নিয়মাবলি :**

- ০১। বিএফসিসি'র উৎপাদন শাখায় কিচেন হেলপার এবং বেকারি হেলপার পদে শুধুমাত্র ০৬ মাসের জন্য ইন্টার্ন হিসেবে ভর্তি করা হবে।
- ০২। প্রত্যেক নির্বাচিত ইন্টার্নকে দৈনিক হাজিরা সাপেক্ষে টাকা ৬০০/- (ছয়শত) হারে সম্মানী প্রদান করা হবে। নির্ধারিত সম্মানী ব্যতীত অন্য কোনো ভাতাদি প্রাপ্য হবেন না।
- ০৩। রোস্টার মোতাবেক দৈনিক ০৮ ঘণ্টা ডিউটি সম্পন্ন করতে হবে।
- ০৪। প্রত্যেক প্রার্থীকে কমপক্ষে এসএসসি পাস অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ১১-০৬-২০২৬ খ্রি. তারিখে বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে।
- ০৫। চূড়ান্তভাবে নির্বাচিত ইন্টার্নকে বিএফসিসি'তে ভর্তির সময় পুলিশ ক্লিয়ারেন্স রিপোর্ট বাধ্যতামূলকভাবে সঙ্গে আনতে হবে।
- ০৬। প্রত্যেক নির্বাচিত ইন্টার্নকে ভর্তির পূর্বে বিমান মেডিক্যাল হতে শারীরিক ফিটনেস সংগ্রহ করতে হবে।
- ০৭। আবেদনকারীকে আবেদনপত্র সহ নির্ধারিত ফরম (০৩ কপি পাসপোর্ট সাইজ ও ০৩ কপি স্ট্যাম্প সাইজ ছবিসহ) পূরণ করে বিএফসিসি'তে জমা প্রদান করতে হবে।
- ০৮। শিক্ষাগত যোগ্যতার সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, সংশ্লিষ্ট ট্রেড কোর্সের সনদ অথবা মার্কশীট ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রশংসা পত্র (Testimonial), ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট সনদ, নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনের প্রদত্ত সনদ, NID কার্ড/জন্ম সনদ, (মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি দরখাস্তের সাথে জমা দিতে হবে।
- ০৯। দাখিলকৃত কাগজ-পত্র, ছবি ১ম শ্রেণীর গ্যাজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ১০। ইতোপূর্বে উৎপাদন শাখায় ইন্টার্ন হিসেবে ০২ (দুই) বার ভর্তিকৃত প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।
- ১১। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ক্রটিপূর্ণ এবং ইন্টার্ন ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতা যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, ট্রেড কোর্স, জেলা ও স্থায়ী ঠিকানা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন ভর্তির যে কোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে।
- ১২। আগামী ১১-০৬-২০২৬খ্রি. তারিখ বিকাল ১৬০০ ঘটিকার মধ্যে বিএফসিসি ও বিমান ওয়েবসাইট ([www.bfcc-bd.com](http://www.bfcc-bd.com), [www.biman.gov.bd](http://www.biman.gov.bd) এবং [www.biman-airlines.com](http://www.biman-airlines.com)) এ নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক তা' পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ব্যবস্থাপক প্রশাসন, বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা বরাবর নির্ধারিত বাস্তব জমা করতে হবে।
- ১৩। এ ভর্তি সংক্রান্ত কার্যক্রম যে কোনো সময় কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার এর পক্ষে-



ব্যবস্থাপক প্রশাসন, বিএফসিসি